| Surname | | Other Names | |
|---|---|---|---|
| Centre Number | | Candidate Number | |
| Candidate Signature | | | |

For Examiner's Use

General Certificate of Secondary Education
June 2007

**BENGALI**
**Reading Test**
**Higher Tier**

**3636/RH**

**H**

Tuesday 12 June 2007 9.00 am to 9.50 am

**You will need no other materials.**

Time allowed: 50 minutes

**Instructions**
- Use blue or black ink or ball-point pen.
- Fill in the boxes at the top of this page.
- Answer **all** questions.
- Answer the questions in the spaces provided.
- In **Section A** answer the questions in **Bengali**.
- In **Section B** answer the questions in **English**.
- Write neatly and put down **all** the information you are asked to give.

**Information**
- The maximum mark for this paper is 45.
- The marks for questions are shown in brackets.
- You must **not** use a dictionary at any time during this test.

| For Examiner's Use | | | |
|---|---|---|---|
| Page | Mark | Page | Mark |
| 2/3 | | 10/11 | |
| 4/5 | | 12/13 | |
| 6/7 | | | |
| 8/9 | | | |
| Total (Column 1) → | | | |
| Total (Column 2) → | | | |
| TOTAL | | | |
| Examiner's Initials | | | |

# ক বিভাগ

## প্রশ্ন ও উত্তর বাংলায় দিতে হবে

1 তুমি নিচের নোটিসটি পড়ছো।

**বাড়ি ভাড়া**

**বনানী এলাকায় একটি দোতলা বাড়ি ভাড়া দেওয়া হবে। তিনটি শোবার ঘর, একটি বড়ো বসার ঘর, রান্নাঘর, বাথরূম আর গ্যারেজ আছে। পেছনে বড়ো ফুলের বাগান। ভাড়া:মাসিক আট হাজার টাকা।**

**টেলিফোন: ৬৭৮ ১১২৪**

এভাবে উত্তর দাও:

| | |
|---|---|
| সত্য | ✓ |
| মিথ্যা | × |
| জানা নাই | ? |

উদাহরণ

| | | |
|---|---|---|
| বাড়িটি চার তলা | × | |
| ফুলের বাগান আছে | | *(1 mark)* |
| রান্নাঘর খুব বড়ো | | *(1 mark)* |
| দুটি শোবার ঘর আছে | | *(1 mark)* |

LEAVE MARGIN BLANK

2 তুমি নিচের লেখাটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও।

২০১২ সালে লন্ডনে অলিম্পিক খেলা হবে। এটা আমাদের জন্যে গৌরব আর খুশির বিষয়। কিন্তু প্রাচীন কালের অলিম্পিক খেলার সঙ্গে বর্তমান অলিম্পিকের অনেক পার্থক্য আছে। তখন মাত্র কয়েকটি খেলা হতো। যে-কোনো দেশের খেলোয়াড়ের বদলে শুধু গ্রীক নাগরিকরা এই খেলায় অংশ নিতে পারতো। তখন চার বছর পর পর পৃথিবীর বিভিন্ন শহরে অনুষ্ঠিত না হয়ে প্রতিযোগিতা শুধু মাত্র গ্রীসের অলিম্পিয়াতে হতো। বিজয়ী খেলোয়াড়রা সোনা, রূপা বা ব্রোনজের মেডালের বদলে শুধু অলিভ পাতার মুকুট পুরস্কার পেতেন।

(ক) গ্রীসে অলিম্পিক খেলায় কারা অংশ নিতে পারতো?

....................................................................................................................................

*(1 mark)*

(খ) এখন কতো বছর পর পর অলিম্পিক খেলা হয় এবং কোথায়?

....................................................................................................................................

....................................................................................................................................

*(2 marks)*

(গ) বিজয়ী খেলোয়াড়দের তখন কি দেওয়া হতো?

....................................................................................................................................

*(1 mark)*

**Turn over for the next question**

7

**3** নিচের চিঠিটি পড়োঃ

প্রিয় আমীর,

আগামী বছর আমার জি.সি.এস.ই. পরীক্ষা। ইংলিশ আর অঙ্কে এখনো তেমন উন্নতি করতে পারিনি। তাই ভয় হয় যে, হয়তো এ-লেভেল করে বিশ্ববিদ্যালয়ে যাওয়ার স্বপ্ন আমার স্বপ্নই রয়ে যাবে। খুব চিন্তায় আছি। তুই কি এসব বিষয়ে কোনো সাহায্য করতে পারিস? তোর জানাশোনা কোনো টীচার কি বাড়িতে এসে পড়াতে রাজি হবেন? তাড়াতাড়ি চিঠির জবাব দিস।

ইতি

রোমেল

নিচের শব্দগুলি থেকে বেছে নিয়ে ঠিক অক্ষরটি দিয়ে তোমার চিঠিটি পূরণ করোঃ

উদাহরণ

| | |
|---|---|
| চিঠি | ঙ |
| সাহায্য | খ |
| স্কুল | গ |
| হয়েছি | ঘ |
| টিউটর | ক |
| টিচারদের | চ |
| জবাব | ছ |

প্রিয় রোমেল,

তোর ঙ (উদাহরণ) পেয়ে খুব খুশি ___। এখন থেকেই এতো চিন্তা করার কোনো দরকার নেই। তোর ___ সঙ্গে আগে কথা বল। তাঁরা নিশ্চয় তোকে ___ করবেন। একজন ভালো ___ পাওয়া গেলে তোকে জানাবো।

ইতি

আমীর

*(4 marks)*

LEAVE MARGIN BLANK

**4** নিচের লেখাটি পড়োঃ

> ইমরান আর শ্যামলের মধ্যে খুব ভাব। প্রায়ই তারা একে অন্যকে নিয়ে মজা করে। একদিন তারা ঠিক করলো যে, ট্রেনে প্যারিসে বেড়াতে যাবে। ওয়াটারলু স্টেশনে তারা দুজনে দুটো টিকিট কিনলো। ট্রেনে ওঠার সময় ইমরানের টিকিটটা মাটিতে পড়ে গেলো। শ্যামল কিছু না বলে ওটা তুলে নিজের পকেটে রেখে দিলো। কিছুক্ষণ পরে টিকিট কালেক্টরের পায়ের শব্দ শোনা গেলো। টিকিট খুঁজে না-পেয়ে ইমরান খুব ভয় পেলো। শ্যামল তাকে বললো, "সীটের নিচে লুকিয়ে থাকো।" এর পর টিকিট কালেক্টর এলো। তার হাতে ইমরান দুটো টিকিট দিয়ে হেসে বললো, "এটা আমার টিকিট, আর অন্যটা আমার বন্ধুর। সে সীটের নিচে ঘুমাতে ভালোবাসে।"

নিচে কয়েকটি প্রশ্ন আছে। প্রত্যেকটির জন্যে তিনটি উত্তর দেওয়া আছে। ঠিক উত্তরটি নিচের বাকসে লেখো।

(ক) দুই বন্ধু কিভাবে প্যারিসে যাচ্ছিলো?

| | |
|---|---|
| **(ক)** | ট্রেনে |
| **(খ)** | কোচে |
| **(গ)** | প্লেনে |

☐ *(1 mark)*

(খ) ইমরান কেন ভয় পেলো?

| | |
|---|---|
| **(ক)** | টিকিট খুঁজে না পেয়ে |
| **(খ)** | বন্ধুকে খুঁজে না পেয়ে |
| **(গ)** | টাকা হারিয়ে ফেলে |

☐ *(1 mark)*

(গ) ইমরান কোথায় লুকালো?

| | |
|---|---|
| **(ক)** | টয়লেটে |
| **(খ)** | সীটের পাশে |
| **(গ)** | সীটের নিচে |

☐ *(1 mark)*

7

**Turn over ▶**

LEAVE MARGIN BLANK

5 তুমি নিচের নোটিসটি পড়ছো।

> **হাইড পার্ক**
>
> **২৬শে জুন ২০০৬**
>
> **সন্ধ্যা ৭টা থেকে ১০টা**
>
> আফ্রিকার বিভিন্ন এলাকায় হাজার হাজার শিশু খাবার এবং চিকিৎসার অভাবে মারা যাচ্ছে। তাদের বাঁচাবার জন্যে ব্রিটেনের পপ শিল্পীরা এক বিরাট জলসার আয়োজন করেছেন। এতে দেশ-বিদেশের নাম-করা শিল্পীদের নাচ, গান, ম্যাজিক আর কৌতুক থাকবে। টিকিটের দাম ২০ পাউন্ড থেকে ১০০ পাউন্ড। এই অনুষ্ঠানটিকে সফল করার জন্যে আপনাদের কাছে আবেদন করছি।

নিচের প্রশ্নগুলির উত্তর লেখো:

(ক) আফ্রিকার শিশুরা কেন মারা যাচ্ছে? একটি কারণ উল্লেখ করো।

..............................................................................................................................

*(1 mark)*

(খ) অনুষ্ঠানে যেসব জিনিস হবে, তার মধ্যে দুটির নাম লেখো।

..............................................................................................................................

..............................................................................................................................

*(2 marks)*

(গ) সবচেয়ে কম দামের টিকিটের দাম কতো?

..............................................................................................................................

*(1 mark)*

LEAVE MARGIN BLANK

**6** নিচের লেখাটি পড়ো।

> **আইসক্রীমের ইতিহাস**
>
> রোমান সম্রাট নীরোর সময় থেকে আইসক্রীমের ইতিহাস শুরু হয়। তিনি পাহাড়ের চূড়া থেকে বরফ আনার আদেশ দিতেন। তারপর তার উপরে নানা রকম ফল মিশিয়ে খেতেন। এর পর চীন দেশের রাজা ট্যাং বরফের সঙ্গে দুধ মিশিয়ে এক রকম আইসক্রীম তৈরি করেন। খুব সম্ভব চীন দেশ থেকেই ইউরোপে আইসক্রীমের আমদানি হয়।
>
> অ্যামেরিকায় আইসক্রীম চালু হবার পর পরই এটা বড়ো লোকদের একটা জনপ্রিয় খাবার হয়ে ওঠে। ১৭৭৬ সালে নিউইয়র্ক শহরে প্রথম আইসক্রীম পার্লার খোলার পর সাধারণ মানুষও আইসক্রীমের স্বাদ পায়। এখন ছেলেবুড়ো সবাই আইসক্রীমের জন্যে পাগল।

নিচের প্রশ্নগুলির উত্তর লেখো:

(ক) নীরো কোন দেশের রাজা ছিলেন?

..........................................................................................................................

*(1 mark)*

(খ) তিনি কেমন করে আইসক্রীম বানাতেন?

..........................................................................................................................

*(1 mark)*

(গ) ইউরোপে কোন দেশ থেকে আইসক্রীম প্রথম চালু হয়?

..........................................................................................................................

*(1 mark)*

(গ) আইসক্রীমের দোকান প্রথম কোথায় আর কবে চালু হয়?

..........................................................................................................................

..........................................................................................................................

*(2 marks)*

| |
|---|
| 9 |

**Turn over ▶**

LEAVE MARGIN BLANK

7 লেখাটি পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:

> ব্রিক লেন পূর্ব লন্ডনের একটি নাম-করা রাস্তা। দুই পাশে আছে অনেক বাংলাদেশী দোকান। কোনোটা মুদির দোকান, কোনোটা জামা-কাপড়ের অথবা খাবারের। এসব দোকানের মালিক আর কর্মচারীরা বেশির ভাগই বাঙালী। এদের কেউ কেউ চল্লিশ-পঞ্চাশ বছর ধরে এ দেশে বাস করছে। কিন্তু দেশের মায়া কাটিয়ে ওঠা কঠিন। তাই দেশ ছেড়ে এলেও এরা এই এলাকাটিকে একটি ছোট্টো বাংলাদেশ হিসেবে গড়ে তুলেছে। তাই ব্রিক লেনে বেড়াতে গেলে কানে আসে বাংলা কথাবার্তা, বাংলা গান। চোখে পড়ে বাংলা পোশাক পরিচ্ছদ। নাকে আসে খাবারের সুগন্ধ। তখন মনে হয় যেন দেশে ফিরে গেছি। প্রতি বছর ব্রিক লেনে বৈশাখী মেলা হয়। বাংলা টিভি নাচ-গানের আসর বসায়। নানা রকম জিনিশের দোকান বসে। সবাই আনন্দের সঙ্গে বাংলা নতুন বছর বরণ করে।

নিচে বাঁ দিকে বাক্যের অর্ধেক আর ডান দিকে বাক্যের অন্য অর্ধেক দেওয়া আছে। দুই অংশ মিলিয়ে লেখো।

| | |
|---|---|
| ক | ব্রিক লেন পূর্ব লন্ডনের |
| খ | এখানে নানা রকমের |
| গ | ব্রিক লেনে বেড়াতে গেলে |
| ঘ | প্রতি বছর ব্রিক লেনে |
| ঙ | মেলায় বাংলা টিভি |

| | |
|---|---|
| ১ | বৈশাখী মেলা হয় |
| ২ | বাঙালী কর্মচারী রাখেন |
| ৩ | মনে হয় যেন দেশে ফিরে গেছি |
| ৪ | একটি বিখ্যাত রাস্তা |
| ৫ | দোকান আছে। |
| ৬ | গানের জলসা বসায় |
| ৭ | অনেক দিন ধরে বাস করছে |

উদাহরণ

| | | |
|---|---|---|
| ক | ৪ | |
| খ | | *(1 mark)* |
| গ | | *(1 mark)* |
| ঘ | | *(1 mark)* |
| ঙ | | *(1 mark)* |

LEAVE MARGIN BLANK

**8** নিচের লেখাটি ভালো করে পড়ে নিচের প্রশ্নগুলির উত্তর দাও:

> গ্যাপ ইয়ার এখন ছাত্রছাত্রীদের মধ্যে খুব জনপ্রিয়। এ-লেভেল পরীক্ষার পর অনেকেই এখন সরাসরি বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয় না। এক বছরের জন্যে লেখাপড়ায় বিরতি দিয়ে কেউ কেউ দেশ-বিদেশ দেখার উদ্দেশে ব্যাকপ্যাক নিয়ে বেরিয়ে পড়ে। কেউ বা কোনো গরিব দেশে শিক্ষা, স্বাস্থ্য বা অন্য কোনো উন্নতির কাজে সাহায্য করে। আবার অনেকে ওয়ার্ক এক্সপেরিয়েন্স লাভ করার সঙ্গো সঙ্গো কিছু টাকা জমানোর উদ্দেশ্যে চাকরি করে। গ্যাপ ইয়ারের অভিজ্ঞতা ছাত্রছাত্রীদের শুধু যে স্বাধীনভাবে চলাফেরা করতে শেখায় তা নয়, এটা তাদের বিভিন্ন পরিবেশে নিজেদের মানিয়ে চলার শিক্ষা দেয় আর নতুন নতুন জিনিশ শেখায়।

(ক) গ্যাপ ইয়ার নিয়ে ছাত্রছাত্রীরা কি করে? দুটি বিষয় লেখো।

..........................................................................................................................

..........................................................................................................................

*(2 marks)*

(খ) গ্যাপ ইয়ার কিভাবে ছেলেমেয়েদের উপকার করে? দুটি বিষয় লেখো।

..........................................................................................................................

..........................................................................................................................

*(2 marks)*

**Turn over for the next question**

| |
|---|
| |
| **8** |

LEAVE MARGIN BLANK

**9** নিচের লেখাটি পড়ো।

**গ্রামীণ ব্যাংক**

গ্রামীণ ব্যাংক বাংলাদেশের একটি গৌরবময় প্রতিষ্ঠান। ১৯৭৬ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইকনমিকসের অধ্যাপক মোহাম্মদ ইউনুস এই ধরনের একটি ব্যাংকের কথা চিন্তা করেন। বাংলাদেশে এখন হাজার হাজার লোক বেকার। সংসারে ভাত-কাপড়ের জোগাড় করা তাদের জন্যে একটা বিরাট সমস্যা। গ্রামের গরিব লোক বিশেষ করে মেয়েরা যাতে ছোটোখাটো ব্যবসা করে নিজের পরিবারের দেখাশোনা করতে পারে, নিজের পায়ে দাঁড়াতে পারে, তার জন্যে গ্রামীণ ব্যাংক তাদের নামে-মাত্র সুদে সামান্য টাকা ধার দেয়। এই টাকা দিয়ে ছোটোখাটো ব্যবসা, যেমন হাঁস-মুরগি পালন করা, মাছের চাষ, বেতের কাজ, রেশমের চাষ করে এখন বহু গরিব মানুষ স্বাধীনভাবে বাঁচতে শিখেছে। গ্রামীণ মোবাইল ফোনের মাধ্যমে এখন বাংলাদেশের প্রতিটি শহরে আর গ্রামে যোগাযোগ করা যায়।

(ক) মোহাম্মদ ইউনুস কি পড়াতেন?

..........................................................................................................

*(1 mark)*

(খ) গ্রামীণ ব্যাংক চালু করার কেন প্রয়োজন ছিলো?

..........................................................................................................

*(1 mark)*

(গ) গরিবরা কি কি ব্যবসা করছে? দুটির নাম লেখো।

..........................................................................................................

..........................................................................................................

*(2 marks)*

(ঘ) যোগাযোগের সুবিধার জন্যে গ্রামীণ ব্যাংক কি করেছে?

..........................................................................................................

*(1 mark)*

**Turn over for Section B**

5

Turn over ▶

LEAVE MARGIN BLANK

## SECTION B

Questions and answers in **English**.

**10** Read the following passage and answer the questions below.

ডিসেম্বর-জানুয়ারি মাসে ঢাকা শহরের প্রায় প্রতিটি রাস্তায় বিভিন্ন রকমের স্কুলের গুণাগুণ বর্ণনা করে রং-বেরঙের পোস্টার এবং ব্যানার চোখে পড়বেই। ভালো ভালো স্কুলগুলোর সামনে চিন্তিত অভিভাবকদের জটলা দেখা যায়।

প্রতি বছর কয়েক লাখ শিশু স্কুলে ভর্তির জন্যে প্রস্তুত হচ্ছে দেশে। এদের একটা বড়ো অংশ ঢাকা শহরের। এখানে ছাত্রছাত্রীদের স্কুলে ভর্তি করানো একটা বিরাট সমস্যা হয়ে উঠেছে। জনসংখ্যার তুলনায় স্কুলের সংখ্যা অনেক কম।

এই কারণেই ঢাকা শহরের প্রতিটি পাড়ায় প্রতি মাসেই বেসরকারী স্কুলের জন্ম হচ্ছে। এটা এখন একটা ভালো ব্যবসা। শহরের যে কোনো স্থানে একটা বাড়ি ভাড়া নিয়ে, যে কোনো লোক একটি প্রাইভেট স্কুল খুলতে পারেন। অনেক বেশি বেতন ছাড়াও ইউনিফর্ম, শিক্ষা সফর, খেলাধুলা, যাতায়াত, লাইব্রেরি ইত্যাদির নাম করে এঁরা প্রতি মাসে অভিভাবকদের কাছ থেকে পাঁচ শো থেকে হাজার টাকা পর্যন্ত আদায় করেন। অনেকে আবার ডোনেশনের নাম করে বেশ কয়েক লাখ টাকা বাড়তি আয় করেন। এ ছাড়া এসব স্কুলে কোনো নির্দিষ্ট সিলেবাস অনুযায়ী পড়ানো হয় না। তাই ছেলেমেয়েদের পরে অনেক অসুবিধায় পড়তে হয়।

এখন সরকার চেষ্টা করছে যাতে এই সব স্কুলে একই রকমের সিলেবাস পড়ানো হয়। শিক্ষকদের ট্রেনিং দেওয়া প্রয়োজন আর স্কুলের বেতনও কমানো দরকার। এ ছাড়া সরকারী স্কুলের সংখ্যা কিছু বাড়ালে ছেলেমেয়েদের ভালোভাবে শিক্ষার সুযোগ বাড়বে।

(a) Describe a typical scene in some of the streets of Dhaka in December – January every year. Mention **two** things.

1 ..............................................................................................................

2 ..............................................................................................................

*(2 marks)*

(b) Why has admission to a new school become a problem in Dhaka?

..............................................................................................................

*(1 mark)*

LEAVE MARGIN BLANK

(c) In what ways do the private schools exploit the parents? Mention **three** things.

1 ....................................................................................................................................

2 ....................................................................................................................................

3 ....................................................................................................................................
*(3 marks)*

(d) Why do pupils sometimes face difficulties when they move schools?

......................................................................................................................................
*(1 mark)*

(e) How is the government trying to improve the way schools should be run now? Mention **two** things.

1 ....................................................................................................................................

2 ....................................................................................................................................
*(2 marks)*

**END OF QUESTIONS**

9

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

**There are no questions printed on this page**

Copyright © 2007 AQA and its licensors. All rights reserved.